

জমিন

ড. শামসুর রহমান

আমার এক পক্ষি পদ্যে,
ভেসে উঠে তোরই ছবি –
জলছবির মতন।

আমার দু'কলম গদ্যে,
নিবন্ধি হয় তোরই দৃষ্টি –
সবার প্রথম।

আমার এতটুকু আশা, প্রাণের পিপাষা;
তোরই তরে, তোকেই ঘিরে,
মোর গৃহহীন ঘরে।

আমার যত কথা, অবলিল বুলি,
তাতো তোরই সাথে, হাতে হাতে,
সকাল-বিকেল পরন্ত রাতে।

আমার দু'দণ্ড বাক-বিতঙ্গ,
তাও তোরই সাথে
যখন পথ চলা তোর ভ্রান্ত পথে।

তরু দূরে-দূরে, একে-অপরে;
স্বেচ্ছা দেশান্তরে। শতাদির আড়ি ভেঙ্গে আড়ালে,
ইচ্ছে করে, খেলা করি তোরই কাঁদা-মাটি জলে ॥